

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ আনসার ও গ্রাম প্রতিবন্ধা বাহিনী
জেলা কমান্ড্যান্টের কার্যালয়, ঠাকুরগাঁও
www.ansarvdp.thakurgaon.gov.bd

নম্বর: ৪৪.০৩.৫৫৯৪.০০০.২৫.০০৯.২৪.৪১৫

তারিখ: ১৯ চৈত্র ১৪৩০ বঙ্গাব্দ
০২ এপ্রিল ২০২৪ খ্রিস্টাব্দ

বিজ্ঞপ্তি/নোটিশ

বিষয়: ২০২৩-২০২৪ অর্থ বছরের ১ম ধাপে অনুষ্ঠিতব্য ইউনিয়ন ও ওয়ার্ড দলনেতা মৌলিক প্রশিক্ষণের বাছাই বিজ্ঞপ্তি

বাংলাদেশ আনসার ও গ্রাম প্রতিবন্ধা বাহিনী, সদর দপ্তর, খিলগাঁও, ঢাকা স্মারক নং-আনসার ডিডিপি ইউঃ দঃ নেঃ/নীতিঃ/অপাঃ/৪৫ তাং- ২২/০১/২০১২ খ্রিঃ মূলে সম্মানী ভাতা ভিত্তিক ইউনিয়ন/ওয়ার্ড (পৌর) দলনেতা/দলনেত্রী (স্বৈচ্ছাসেবী) নিয়োগ ও অব্যাহতি নীতিমালা ২০১২ এর ক্রম-০৯ নির্দেশনা অনুযায়ী ঠাকুরগাঁও জেলাধীন সদর উপজেলার ১৫নং দেবীপুর ইউনিয়ন পরিষদ এবং পৌরসভা ওয়ার্ড- ০২নং ও ০৪নং-এ শূণ্যপদের বিপরীতে ভাতাভুক্ত ইউনিয়ন ও ওয়ার্ড দলনেতা নিয়োগদানের লক্ষ্যে ২১দিন ব্যাপী মৌলিক প্রশিক্ষণের নিমিত্তে নিম্নবর্ণিত ছক মোতাবেক বাছাই কার্যক্রম অনুষ্ঠিত হবে।

“ছক”

ক্রম	উপজেলার নাম	বাছাইয়ের তারিখ ও সময়	বাছাইয়ের স্থান	মন্তব্য
০১	ঠাকুরগাঁও সদর	০৮/০৪/২০২৪ খ্রিঃ সময়- ১১.০০ ঘটিকা	জেলা কমান্ড্যান্টের কার্যালয় আনসার ও ডিডিপি, ঠাকুরগাঁও	প্রশিক্ষণার্থীদের উপস্থিতির সময় সকাল ১০.৩০ ঘটিকা

যোগ্যতাঃ

- আনসার ও ডিডিপি সংগঠনের প্লাটনভুক্ত ও ডিডিপি মৌলিক প্রশিক্ষণপ্রাপ্ত সদস্য।
- ন্যূনতম এসএসসি পাস হতে হবে।
- বয়স ১৮ হতে ৩০ বছর।
- উচ্চতা ৫”- ৪”। অধিক উচ্চতাসম্পন্ন প্রার্থীগণ অগ্রাধিকার পাবেন।
- সংশ্লিষ্ট ইউনিয়ন/ওয়ার্ডের স্থায়ী বাসিন্দা হতে হবে।
- বুকের মাপ ৩০”- ৩২”।

অযোগ্যতাঃ

- বাংলাদেশের নাগরিক অথবা বাংলাদেশের স্থায়ী বাসিন্দা বা বাংলাদেশে ডমিসাইল না হন।
- বাংলাদেশের নাগরিক নন এমন কোন ব্যক্তিকে বিয়ে করে থাকেন বা বিয়ে করার জন্য প্রতিশ্রুতিবদ্ধ হন।
- কোন উপযুক্ত আদালত কর্তৃক দেউলিয়া ঘোষিত হন এবং দেউলিয়াত্ব অবসান হয়েছে মর্মে ঘোষণা না করা হয়।
- কোন উপযুক্ত কর্তৃপক্ষ কর্তৃক মানসিক ভারসাম্যহীন বিবেচিত হন।
- কোন উপযুক্ত আদালত কর্তৃক দুষ্টিকারী হিসেবে চিহ্নিত হন বা সাজাপ্রাপ্ত হন।
- এলাকায় অসামাজিক কার্যকলাপে জড়িত আছেন বা ছিলেন মর্মে কুখ্যাতি রয়েছে।
- নৈতিক শৃঙ্খলাজনিত অপরাধে কোন উপযুক্ত আদালত কর্তৃক সাজা প্রাপ্ত হন।
- কোন অপরাধে সরকারী চাকরি হতে বরখাস্ত হন।
- শৃঙ্খলাজনিত কারণে সদস্য পদ বাতিল করা হয়েছে বা বহিষ্কার করা হয়েছে এমন কোন পিসি, এপিসি, আনসার বা ডিডিপি সদস্য।

নিয়োগের মেয়াদঃ ০৫ (পাঁচ) বছর। বিশেষ বিবেচনায় পূর্ববর্তী কর্তব্যকাল সন্তোষজনক বিবেচিত হলে পরবর্তী ০৫ (পাঁচ) বছরের জন্য পুনরায় নিয়োগ পাবেন (০২ বারের অধিক নয়)।

প্রয়োজনীয় কাগজপত্রঃ

- ১ম শ্রেণীর গেজেটেড অফিসার/ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান/পৌরসভা মেয়র কর্তৃক সত্যায়িত পাসপোর্ট সাইজ ছবি ০২ কপি।
- সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান/পৌরসভা মেয়র (যার জন্য যেটা প্রযোজ্য) কর্তৃক প্রদত্ত নাগরিকত্ব সনদপত্র।
- শিক্ষাগত যোগ্যতা সনদপত্রের মূল ও সত্যায়িত ফটোকপি- ০১টি।
- ডিডিপি প্রশিক্ষণ সনদপত্রের মূলকপি ও সত্যায়িত ফটোকপি- ০১টি।
- ইউএভিডিও কর্তৃক স্বাক্ষরিত প্লাটন ভুক্তির সনদপত্র।
- জাতীয় পরিচয়পত্রের মূলকপি ও সত্যায়িত ফটোকপি- ০১টি।
- শারীরিক যোগ্যতার স্বপক্ষে চিকিৎসকের সনদপত্র।

বিশেষ নির্দেশনাবলীঃ উপর্যুক্ত শর্তসাপেক্ষে বাছাইকৃত প্রার্থীদের আগামী ১৫/০৪/২০২৪ খ্রিঃ হতে ০৫/০৫/২০২৪ খ্রিঃ পর্যন্ত ২১ দিন ব্যাপী ইউনিয়ন ও ওয়ার্ড দলনেতা মৌলিক প্রশিক্ষণে (১ম ধাপ) অংশগ্রহণের জন্য আনসার ও ডিডিপি প্রশিক্ষণ কেন্দ্র, মাহিগঞ্জ, রংপুরে প্রেরণ করা হবে। প্রশিক্ষণার্থীদের আবাসন, খাবার ও যাতায়াত ভাতা (উভয়পথ) সরকারীভাবে বহন করা হবে। এক্ষেত্রে কোনো রকম আর্থিক লেনদেন করা যাবে না। এ বিষয়ে সংশ্লিষ্ট সকলকে কঠোরভাবে সতর্ক করা হলো। কারণ বিরুদ্ধে আর্থিক লেনদেনের সম্পূর্ণতার তথ্য পাওয়া গেলে তার বিরুদ্ধে কঠোর আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে। প্রার্থীগণ কোন তথ্য গোপন বা জালিয়াতির আশ্রয় গ্রহণ করলে প্রশিক্ষণ বাবদ ব্যয়িত সরকারী অর্থ ফেরৎ দিতে বাধ্য থাকবে এবং বিধি মোতাবেক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা হবে।

এ আদেশ জনস্বার্থে জারী করা হলো।



০২-০৪-২০২৪

মোঃ মিনহাজ আরেফিন

জেলা কমান্ড্যান্ট

০১৭৩০০৩৮০৯১

dcthakurgaon@ansarvdp.gov.bd

বিতরণ জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে ও কার্যার্থে(জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। উপমহাপরিচালক, উপমহাপরিচালক এর কার্যালয়, বাংলাদেশ আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনী, রংপুর রেঞ্জ, রংপুর;
- ২। পরিচালক (ভিডিপি প্রশিক্ষণ), বাংলাদেশ আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনী, সদর দপ্তর, খিলগাঁও, ঢাকা;
- ৩। জেলা প্রশাসক, জেলা প্রশাসকের কার্যালয়, ঠাকুরগাঁও;
- ৪। পুলিশ সুপার, পুলিশ সুপারের কার্যালয়, ঠাকুরগাঁও;
- ৫। সহকারী জেলা কমান্ড্যান্ট, জেলা কমান্ড্যান্টের কার্যালয়, ঠাকুরগাঁও;
- ৬। সার্কেল অ্যাডজুট্যান্ট, জেলা কমান্ড্যান্টের কার্যালয়, ঠাকুরগাঁও;
- ৭। উপজেলা আনসার ও ভিডিপি কর্মকর্তা (সকল), ঠাকুরগাঁও এবং
- ৮।, ঠাকুরগাঁও।

